গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
উন্নয়ন শাখা-১
**www.sid.gov.bd.**

নং-৫২.০০৮.০০৬.১৫.০৮.৪৪০.১৯৯৭(অংশ-৮)- ৩৫৮

তারিখঃ ০৩ ভাদ্র, ১৪২২ বঙ্গাব্দ
১৮ আগস্ট, ২০১৫ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের জুন, ২০১৫ মাসের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।**

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী (আরএডিপি)'র জুন'১৫ মাসের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত মাসিক সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

(মোঃ মনিরুজ্জামান খাঁন)
সিনিয়র সহকারী সচিব
☎৮১৮১৫৭৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপসচিব)।
২। অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৫। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
৬। প্রধান, শিক্ষা ও সামাজিক সেক্টর, আইএমইডি, ব্লক-১১, শেরে বাংলা নগর, ঢাকা (দৃঃআঃ বেগম সুফিয়া যাকারিয়া, পরিচালক)।
৭। যুগ্ম প্রধান, জনপ্রশাসন সেক্টর (ব্লক নং-১)/জনসংখ্যা ও পরিকল্পনা উইং/স্বাস্থ্য উইং (ব্লক নং-১)/স্কাইসোয়াম (ব্লক নং-১)/পাট ও বস্ত্র উইং, শিল্প ও শক্তি বিভাগ (ব্লক নং-৩)/ফসল উইং, কৃষি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৮। উপসচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
৯। পরিচালক, সেন্সাস উইং/কৃষি উইং/জাতীয় হিসাব উইং/ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং/ডেমোগ্রাফী এন্ড হেলথ উইং/কম্পিউটার উইং/স্ট্যাটিসটিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট/এফএ এন্ড এমআইএস উইং, বিবিএস।
১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১১। প্রকল্প পরিচালক, ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (সাবেক BPD) প্রকল্প/স্ট্রেনদেনিং ক্যাপাসিটি অব বিবিএস ইন পপুলেশন এন্ড ডেমোগ্রাফীক ডাটা কালেকশন ইউজিং জিআইএস প্রকল্প/আদমশুমারী ও গৃহ গণনা-২০১১ প্রকল্প/নিউট্রিশনাল সার্ভিলেন্স কম্পোনেন্ট প্রকল্প/ অর্থনৈতিক শুমারি-২০১৩ প্রকল্প/মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিসটিক্স অব বাংলাদেশ প্রকল্প/অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্প/ইমপ্রুভিং লেবার স্ট্যাটিসটিক্স এন্ড লেবার মার্কেট ইনফরমেশন সিস্টেম (LMIS) থ্রু প্যানেল সার্ভে প্রকল্প/বাংলাদেশে অবস্থানরত অনিবন্ধিত মিয়ানমার নাগরিক শুমারি ২০১৫ প্রকল্প/হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES) প্রকল্প/ডিজিটাইজেশন অব বিবিএস পাবলিকেশনস এন্ড অনলাইন সেকেন্ডারি ডাটা কালেকশন প্রকল্প/স্ট্রেনদেনিং এগ্রিকালচার মার্কেট ইনফরমেশন সিস্টেমস ইন বাংলাদেশ (AMIS) প্রকল্প, বিবিএস।
১২। Representative, UNICEF/UNFPA/WORLD BANK/EUROPEAN UNION/FAO.
১৩। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, কৃষি শুমারি-২০১৮ প্রকল্প/জাতীয় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা একাডেমী প্রকল্প/ ন্যাশনাল স্ট্যাটিসটিক্যাল ডাটা ওয়ারহাউজ এন্ড সেন্টার প্রকল্প/৭ বিভাগীয় এবং ৬৪ জেলায় ভবন নির্মাণ প্রকল্প, বিবিএস।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ব্লক নং-৮, শেরে বাংলা নগর, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়, ব্লক নং-৭, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। উপসচিব (তথ্য ব্যবস্থাপনা-২), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
৪। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
উন্নয়ন-১ শাখা

## উন্নয়ন প্রকল্পসমূহের জুন, ২০১৫ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | | | |
|---|---|---|---|
| ১.১ | সভার সভাপতি | : | **কানিজ ফাতেমা** *এনডিসি,* **সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।** |
| ১.২ | সভার তারিখ ও সময় | : | ৩০ জুলাই, ২০১৫ খ্রিঃ, সময়ঃ সকাল ১০.৩০ ঘটিকা |
| ১.৩ | সভার স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (SID) এর সম্মেলন কক্ষ |
| ১.৪ | সভায় উপস্থিতি | : | সংযোজনী- ক। |

২.০ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির নির্দেশক্রমে উপসচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর চলমান উন্নয়ন প্রকল্পসমূহের অগ্রগতি সম্পর্কে উপস্থাপনা প্রদান করেন। উপসচিব (উন্নয়ন) জানান যে, ২০১৪-১৫ অর্থ বছরে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ৮ (আট)টি প্রকল্প এডিপিভুক্ত। আরএডিপি-তে বরাদ্দ ৬৮ কোটি ৬৯ লক্ষ ৩৮ হাজার টাকা। জুন, ২০১৫ পর্যন্ত ব্যয় ৪৫ কোটি ৫১ লক্ষ ৪৬ হাজার টাকা। প্রস্তাবিত আরএডিপিতে বরাদ্দ অনুসারে ব্যয়ের হার ৬৬.২৬%।

৩.০ অতঃপর সভায় নিম্নোক্তভাবে প্রকল্পভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক | প্রকল্পের নাম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩.১ | অর্থনৈতিক শুমারি ২০১৩ প্রকল্প (জুলাই,২০১১- জুন,২০১৬)<br>**জনাব দিলদার হোসেন প্রকল্প পরিচালক** | অর্থনৈতিক শুমারি ২০১৩ প্রকল্পের ২০১৪-২০১৫ অর্থবছরে আরএডিপিতে ৪ কোটি ৩০ লক্ষ ১০ হাজার টাকা বরাদ্দ দেয়া হয়েছে এবং জুন, ২০১৫ পর্যন্ত ৩ কোটি ৭৪ লক্ষ ২২ হাজার টাকা ব্যয় হয়েছে। আরএডিপি অনুসারে ব্যয়ের হার ৮৭.০১%। অত:পর প্রকল্পের পক্ষ থেকে জানানো হয় যে, গত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাসময়ে বাস্তবায়িত হয়েছে এবং প্রকল্পের কার্যক্রম কর্মপরিচালনা অনুযায়ী সম্পাদিত হচ্ছে। স্বল্পতম সময়ের মধ্যে অর্থনৈতিক শুমারি ২০১৩ এর চূড়ান্ত রিপোর্ট প্রকাশের লক্ষ্যে রিপোর্ট প্রকাশনা টিম নিরলসভাবে কাজ করে যাচ্ছে। উল্লেখ করা হয় যে, প্রকল্পের সকল রিপোর্ট (৬৪ টি জেলা রিপোর্ট- ৩৫,২০০ কপি, ১টি ন্যাশনাল রিপোর্ট-১০০০ কপি ও ১টি অ্যাডমিনিস্ট্রেটিভ রিপোর্ট-৫০০ কপি) যথাসময়ে মুদ্রণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আরও জানানো হয় যে, প্রকল্পের আওতায় পাইলট বিজনেস রেজিস্টারের প্রাথমিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে ডিপিপি সংশোধনের কার্যক্রম চলমান রয়েছে। বর্ণিত কার্যাবলি সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদনের লক্ষ্যে একজন কর্মকর্তাকে পদায়ন করা হয়েছে। | (১) চূড়ান্ত রিপোর্ট স্বল্পতম সময়ের মধ্যে মুদ্রণ ও প্রকাশের লক্ষ্যে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(২) যথাসময়ে মানসম্পন্ন রিপোর্ট মুদ্রণ করতে হবে। এ লক্ষ্যে যথাযথ নিয়ম অনুসরণপূর্বক প্রকল্পের ডিপিপিতে বরাদ্দ সংস্থান থাকা সাপেক্ষে প্রয়োজনে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর নিজস্ব ছাপাখানা (আরডিপি) ব্যতীত অন্য কোন ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান হতে রিপোর্ট মুদ্রণের পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(৩) প্রকল্পের ডিপিপি সংশোধনের অংশ হিসেবে গত ৩০ জুলাই,২০১৫ তারিখে প্রকল্প মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।<br>(৪) যথাসময়ে রিপোর্ট প্রকাশের লক্ষ্যে আরো একজন কর্মকর্তাকে প্রকল্পে পদায়ন করতে হবে। | মহাপরিচালক, বিবিএস<br>ও<br>প্রকল্প পরিচালক, অর্থনৈতিক শুমারি ২০১৩ প্রকল্প |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.২ | আদমশুমারি ও গৃহগণনা ২০১১- প্রকল্প (জুলাই ২০০৮- ডিসেম্বর ২০১৫)<br>জনাব মোঃ মাসুদ আলম প্রকল্প পরিচালক | আদমশুমারি ও গৃহগণনা-২০১১ প্রকল্পের জন্য ২০১৪-২০১৫ অর্থবছরে আরএডিপিতে মোট বরাদ্দ ২৩ কোটি ৫০ লক্ষ টাকা। জুন, ২০১৫ পর্যন্ত মোট ব্যয় ২১ কোটি ৭০ লক্ষ ০৫ হাজার টাকা। আরএডিপিতে বরাদ্দ অনুসারে ব্যয়ের হার ৯২.৩৪%। প্রকল্প পরিচালক জানান যে,<br>(ক) প্রকল্পের মেয়াদের মধ্যে সকল কাজ সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।<br>(খ) সকল কমিউনিটি রিপোর্ট (৬৪)টি প্রকাশিত হয়েছে। Analytical Report Review এবং Administrative Report এর খসড়া প্রস্তুতের কাজ চলছে। বরগুনা জেলা রিপোর্ট প্রকাশিত হয়েছে। অবশিষ্ট জেলা রিপোর্ট মুদ্রণের কাজ চলছে।<br>(গ) ১৪টি মনোগ্রাফ ও Population Projection এর খসড়া প্রতিবেদন প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। বর্তমানে Expert Opinion/Suggestion সমন্বয় করে চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুতের কাজ চলছে। | (ক) প্রকল্প মেয়াদের মধ্যে সকল কাজ সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক বিবিএস, প্রকল্প পরিচালক আদমশুমারি ও গৃহগণনা ২০১১ প্রকল্প এবং বিপিডি প্রকল্প |
| ৩.৩ | মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিসটিক্স অব বাংলাদেশ প্রকল্প (জুলাই-২০১৩- জুন, ২০১৭)<br>জনাব মোঃ একেএম আশরাফুল হক প্রকল্প পরিচালক | MSVSB প্রকল্পের জন্য ২০১৪-২০১৫ অর্থবছরে আরএডিপি বরাদ্দ ৬ কোটি ৯৪ লক্ষ টাকা। জুন , ২০১৫ পর্যন্ত মোট ব্যয় ৬ কোটি ৫৯ লক্ষ ৭১ হাজার টাকা। ব্যয়ের হার ৯৫.০৬%। প্রকল্প পরিচালক জানান<br>(ক) ২০১৪ সালের Key Indicators প্রস্তুতের কাজ চলছে । শীঘ্রই Key Indicators অনুমোদনের জন্য টেকনিক্যাল কমিটির সভা আহবান করা হবে।<br>(খ) নবসৃষ্ট ৫১২টি PSU এর জন্য স্থানীয় মহিলা রেজিস্ট্রার ও সুপারভাইজারের সম্মানী ও অন্যান্য ভাতাদির নিমিত্ত সংশোধিত DPP অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে ।<br>(গ) SVRS এর অন লাইন ডাটা এন্ট্রি কার্যক্রম বাস্তবায়নের জন্য UNFPA এর সহায়তায় জিআইএস প্রকল্প ও MSVSB প্রকল্পের মধ্যে আন্তঃ MOU এর কার্যক্রম সম্পন্ন করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে । | (ক) শীঘ্রই Key Indicators অনুমোদনের জন্য টেকনিক্যাল কমিটির সভা স্বল্প সময়ের মধ্যে আহবান করতে হবে।<br>(খ) নবসৃষ্ট ৫১২টি Primary Sampling Unit ( PSU ) এর জন্য স্থানীয় মহিলা রেজিস্ট্রার ও সুপারভাইজারের সম্মানী ও অন্যান্য ভাতাদির জন্য সংশোধিত DPP অনুমোদনের বিষয়ে পরিকল্পনা কমিশনে নিয়মিত যোগাযোগ করতে হবে ।<br>(গ) SVRS এর অন লাইন ডাটা এন্ট্রি কার্যক্রম বাস্তবায়নের জন্য UNFPA এর সহায়তায় জিআইএস প্রকল্প ও MSVSB প্রকল্পের মধ্য আন্তঃ MOU এর কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক, বিবিএস, প্রকল্প পরিচালক MSVSB প্রকল্প ও প্রকল্প পরিচালক, জিআইএস প্রকল্প |
| ৩.৪ | স্ট্রেনদেনিং ক্যাপাসিটি অব বিবিএস ইন পপুলেশন এন্ড ডেমোগ্রাফীক ডাটা কালেকশন ইউজিং জিআইএস প্রকল্প (জুলাই-২০১২- জুন, ২০১৭)<br>জনাব মোঃ জাহিদুল হক সরদার প্রকল্প পরিচালক | প্রকল্প পরিচালক অগ্রগতির বিষয় জানান যে, ষ্ট্রেনদেনিং ক্যাপাসিটি অব বিবিএস ইন পপুলেশন এন্ড ডেমোগ্রাফীক ডাটা কালেকশন ইউজিং জিআইএস প্রকল্পের জন্য ২০১৪-২০১৫ অর্থ বছরে মোট বরাদ্দ ৪ কোটি ২৩ লক্ষ টাকা। জুন, ২০১৫ পর্যন্ত মোট ব্যয় ৪ কোটি ২২ লক্ষ ৭৪ হাজার টাকা। ব্যয়ের হার ৯৯.৪৪%। প্রকল্প পরিচালক অগ্রগতির বিষয়ে জানান,<br>(ক) GIS Platform তৈরির কাজ এগিয়ে চলছে। দ্রুততম সময়ে GIS ব্যবহারকারী প্রতিষ্ঠানদের নিয়ে পরবর্তী সভা আহবান করা হবে।<br>(খ) SVRS এর মাঠ পর্যায়ের মাস্টার ট্রেইনার, রেজিস্ট্রার ও সুপারভাইজারদের জুন,২০১৫ মাসে রিফ্রেসার প্রশিক্ষণ দেয়া হয়েছে। আগামী বছর অনুরুপ প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। | (ক) GIS Platform তৈরির বিষয়ে GIS ব্যবহারকারী প্রতিষ্ঠানদের নিয়ে দ্রুত পরবর্তী সভা আহবান করতে হবে।<br>(খ) আগামী আর্থিক বছরে SVRS এর মাঠ পর্যায়ের মাস্টার ট্রেইনার, রেজিস্ট্রার ও সুপারভাইজারদের প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক, বিবিএস ও প্রকল্প পরিচালক জিআইএস প্রকল্প |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (গ) এ পর্যন্ত রংপুর বিভাগ, সিলেট বিভাগের সকল জেলা, মানিকগঞ্জ, জয়পুরহাট, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, গাজীপুর জেলা ও ১১টি সিটি কর্পোরেশণের ডিজিটাল মৌজা/ মহল্লা ম্যাপ হালনাগাদ করা হয়েছে। এরই অংশ হিসেবে ২৬/৭/২০১৫ থেকে কুমিল্লা জেলার (অংশ) ম্যাপ হালনাগাদকরণের কাজ চলবে।<br><br>(ঘ) Violence Against Women (VAW) এর মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের কাজ চলছে। | (গ) রিফ্রেসার প্রশিক্ষণ অনুযায়ী মাঠ পর্যায়ের ম্যাপ হালনাগাদের কাজ অব্যাহত রাখতে হবে।<br>(ঘ) Violence Against Women (VAW) এর মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের কাজ সঠিকভাবে ও যথাসময়ে সম্পন্ন করার বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে। | |
| ৩.৫ | নিউট্রিশনাল সার্ভিলেন্স কম্পোনেন্ট প্রকল্প (জুলাই, ২০০৯ হতে জুন, ২০১৫ )<br>**জনাব মোঃ মাসুদ আলম প্রকল্প পরিচালক** | নিউট্রিশনাল সার্ভিলেন্স কম্পোনেন্ট প্রকল্পের জন্য ২০১৪-২০১৫ অর্থবছরে এডিপি বরাদ্দ ৭৪ লক্ষ ২৮ হাজার টাকা। জুন, ২০১৫ পর্যন্ত মোট ব্যয় ৭৪ লক্ষ ১৪ হাজার টাকা। এ ব্যয়ের হার ৯৯.৮১%।<br>(ক) প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের PCR এর কাজ এ মাসেই শেষ হবে।<br>(খ) ডেমোগ্রাফী এন্ড হেলথ উইংয়ের আওতায় নিউট্রিশন সার্ভিলেন্স কার্যক্রম বিবিএস এ প্রতিষ্ঠানিকীকরণের কাজ চলছে। | (ক) যথাসময়ে PCR দাখিল করতে হবে।<br>খ) বিবিএস এ নিউট্রিশনাল সার্ভিলেন্স মনিটরিং কাজ প্রাতিষ্ঠানিকীকরণের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক, বিবিএস ও প্রকল্প পরিচালক নিউট্রিশনাল সার্ভিলেন্স কম্পোনেন্ট প্রকল্প |
| ৩.৬ | বাংলাদেশ পোভার্টি ডাটাবেইজ BPD) প্রকল্প (জুলাই-২০১৩-ডিসেম্বর, ২০১৭)<br>**ড. এম এমদাদুল হক প্রকল্প পরিচালক** | BPD প্রকল্পের জন্য ২০১৪-২০১৫ অর্থবছরে আরএডিপি বরাদ্দ ২৫ কোটি ৬৮ লক্ষ টাকা। জুন, ২০১৫ পর্যন্ত মোট ব্যয় ৬ কোটি ১১ লক্ষ ৮৪ হাজার টাকা। এ ব্যয়ের হার ২৩.৮৩%। প্রকল্প পরিচালক জানান যে, চলতি অর্থ বছরে প্রকল্পের অন্যান্য ক্রয় কার্যক্রম সম্পন্ন হলে প্রকল্পের আর্থিক অগ্রগতি বৃদ্ধি পাবে বলে আশা করা যায়।<br>প্রকল্প পরিচালক আরও বলেন<br>(ক) ট্রেনিং ফার্ম ও প্রচারণা ফার্ম নির্বাচনের লক্ষ্যে ৬টি পরামর্শক ফার্মের short list বিশ্বব্যাংক কর্তৃক অনুমোদিত হয়েছে এবং short list Firm ৬টি কে RFP ইস্যু করা হয়েছে। ২৭ ও ২৮ জুলাই ২০১৫ তারিখে Pre-Proposal সভা অনুষ্ঠিত হয়েছে। এ ছাড়া আগামী ১৭ ও ১৮ আগস্ট ২০১৫ তারিখে কারিগরি ও আর্থিক প্রস্তাব গ্রহণের সর্বশেষ সময়সূচি নির্ধারিত রয়েছে। আইসিআর ফার্ম নির্বাচন সংক্রান্ত প্রস্তাব বিশ্বব্যাংকের সম্মতির জন্য প্রেরণ করা হয়েছে।<br>(খ) ডাটাএন্ট্রি অপারেটের নিয়োগ প্রক্রিয়া স্বচ্ছ ও দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে ১৩/৭/২০১৫ তারিখে নিয়োগ কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়েছে। নিয়োগ কমিটির সভায় প্রস্তুতকৃত কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী নভেম্বর,২০১৫ তারিখের মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন হবে। নিয়োগ কমিটির সভায় গৃহীত সুপারিশ মহাপরিচালক কর্তৃক অনুমোদিত হলে সময়ভিত্তিক তা বাস্তবায়ন করা হবে। | (ক) আইসিআর ফার্ম নির্বাচন সংক্রান্ত প্রস্তাব বিশ্বব্যাংকের সম্মতি প্রাপ্তির বিষয়ে নিয়মিত যোগাযোগ রাখতে হবে।<br>(খ) ডাটাএন্ট্রি অপারেটর নিয়োগ প্রক্রিয়া স্বচ্ছ ও দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বিবিএস ও প্রকল্প পরিচালক, বিপিডি প্রকল্প |
| ৩.৭ | অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্পের মেয়াদঃ ১ সেপ্টেম্বর ২০১৪ হতে ৩০ জুন ২০১৮<br>**জনাব যতন কুমার সাহা প্রকল্প পরিচালক** | প্রকল্পের মোট বরাদ্দঃ ১৮ কোটি ৪২ লক্ষ টাকা, ২০১৪-১৫ অর্থবছরে আরএডিপি বরাদ্দ ৮০ লক্ষ টাকা, জুন,২০১৫ মাসে ব্যয় ৩৯.০৯ লক্ষ টাকা<br>(১) Security System Control সংগ্রহ পূর্বক স্থাপনার কাজ অব্যাহত আছে এবং ২০১৫-১৬ অর্থ বছরের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে অবশিষ্ট কাজ সম্পন্ন হবে। | (১) ভবনের নিরাপত্তার কথা বিবেচনায় রেখে ২০১৫-১৬ অর্থ বছরের বাজেট বরাদ্দ পাওয়ার পর পরই দ্রুততম সময়ের মধ্যে কাজ পুণরায় শুরু করতে হবে। | মহাপরিচালক, বিবিএস ও প্রকল্প পরিচালক অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্প |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.৮ | ইমপ্রুভিং অব লেবার স্ট্যাটিসটিক্স এন্ড লেবার মার্কেট ইনফরমেশন সিস্টেম (LMIS) থ্রু প্যানেল সার্ভে প্রকল্প<br>**প্রকল্পের মেয়াদঃ ০১ জানুয়ারি ২০১৫ হতে ৩১ ডিসেম্বর ২০১৭**<br>**জনাব মোঃ কবীর উদ্দীন**<br>**প্রকল্প পরিচালক** | প্রকল্পের মোট বরাদ্দঃ ১১ কোটি টাকা<br>২০১৪-১৫ অর্থবছরে আরএডিপি বরাদ্দঃ ২ কোটি ৫০ লক্ষ টাকা। জুন মাসে ব্যয় ১ কোটি ৯১ লক্ষ টাকা।<br>(১) প্রকল্পের Steering, Technical, Implementation Committee ও Expert Group এর সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত কমিটিসমূহের গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।<br>(২) ২০১৫-১৬ অর্থ বছরের বাজেট বরাদ্দ প্রাপ্তির পর QLFS জরিপ কার্যক্রম আরম্ভ হবে। | (১) Steering, Technical, Implementation Committee ও Expert Group সভার সিদ্ধান্ত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(২) ২০১৫-১৬ অর্থ বছরের বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে QLFS জরিপ কার্যক্রম দ্রুত শুরু করতে হবে। | মহাপরিচালক,<br>বিবিএস<br>ও<br>প্রকল্প পরিচালক<br>ইমপ্রুভিং অব লেবার স্ট্যাটিসটিক্স এন্ড লেবার মার্কেট ইনফরমেশন সিস্টেম (LMIS) থ্রু প্যানেল সার্ভে প্রকল্প |
| ৩.৯ | বাংলাদেশে অবস্থানরত অনিবন্ধিত মিয়ানমার নাগরিক শুমারি ২০১৫ প্রকল্প<br>**প্রকল্পের মেয়াদঃ ০১ এপ্রিল ২০১৫ থেকে ৩১ মার্চ, ২০১৬**<br>**জনাব মোঃ আলমগীর হোসেন**<br>**প্রকল্প পরিচালক** | ২০১৪-১৫ অর্থ বছরে বরাদ্দ পাওয়া যায়নি। | | মহাপরিচালক,<br>বিবিএস<br>ও<br>প্রকল্প পরিচালক<br>বাংলাদেশে অবস্থানরত অনিবন্ধিত মিয়ানমার নাগরিক শুমারি ২০১৫ প্রকল্প |
| ৩.১০ | হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে প্রকল্প<br>**প্রকল্পের মেয়াদঃ ০১ জুলাই ২০১৪ থেকে ০১ জুন, ২০১৭ পর্যন্ত।**<br>**ড. দিপংকর রায়**<br>**প্রকল্প পরিচালক** | ২০১৪-১৫ অর্থ বছরে বরাদ্দ পাওয়া যায়নি। | | মহাপরিচালক,<br>বিবিএস<br>ও<br>প্রকল্প পরিচালক<br>হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে প্রকল্প |
| ৩.১১ | ডিজিটাইজেশন অব বিবিএস পাবলিকেশনস এন্ড অনলাইন সেকেন্ডারি ডাটা কালেকশন প্রকল্প<br>**প্রকল্পের মেয়াদঃ ০১ এপ্রিল ২০১৫ থেকে ৩১ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত।**<br>**জনাব মোঃ নজরুল ইসলাম**<br>**প্রকল্প পরিচালক** | ২০১৪-১৫ অর্থ বছরে বরাদ্দ পাওয়া যায়নি। | | মহাপরিচালক,<br>বিবিএস<br>ও<br>প্রকল্প পরিচালক<br>ডিজিটাইজেশন অব বিবিএস পাবলিকেশনস এন্ড অনলাইন সেকেন্ডারি ডাটা কালেকশন প্রকল্প |
| ৩.১২ | স্ট্রেনদেনিং এগ্রিকালচার মার্কেট ইনফরমেশন সিস্টেম ইন বাংলাদেশ প্রকল্প<br>**প্রকল্পের মেয়াদঃ ০১ এপ্রিল ২০১৫ থেকে ৩০ জুন, ১৬ পর্যন্ত।**<br>**জনাব বিধান বড়াল**<br>**প্রকল্প পরিচালক** | ২০১৪-১৫ অর্থ বছরে বরাদ্দ পাওয়া যায়নি। | | মহাপরিচালক,<br>বিবিএস<br>ও<br>প্রকল্প পরিচালক<br>স্ট্রেনদেনিং এগ্রিকালচার মার্কেট ইনফরমেশন সিস্টেম ইন বাংলাদেশ প্রকল্পের |

৪.০ সবুজ পাতায় অন্তর্ভূক্ত প্রকল্পসমূহঃ

| ক্রমিক | প্রকল্পের নাম | আলোচনা | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪.১ | ২০১৪-১৫ অর্থ বছরে সবুজ পাতায় অন্তর্ভুক্ত ৪টি প্রকল্প রয়েছেঃ (০১) কৃষি শুমারি প্রকল্প; (০২) জাতীয় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা একাডেমী প্রকল্প ; (০৩) ন্যাশনাল স্ট্যাটিসটিক্যাল ডাটা ওয়ার হাউজ এন্ড সেন্টার প্রকল্প; (০৪) ৭ বিভাগীয় এবং ৬৪ জেলায় ভবন নির্মাণ প্রকল্প। | উপসচিব (উন্নয়ন) জানান যে, ২০১৪-১৫ অর্থ বছরে সবুজ পাতায় ৪টি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। তাছাড়াও সবুজ পাতার বাইরে কয়েকটি প্রকল্প প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। | ক) সবুজ পাতায় অন্তর্ভুক্ত গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহের এবং সবুজ পাতায় অন্তর্ভুক্ত নয় এমন প্রকল্প প্রস্তাবসমূহের অনুমোদনের প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক, বিবিএস ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সকল) |

৫.০ বিবিধ

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৫.১ | প্রকল্পসমূহের অগ্রগতির পর্যালোচনা সভায় প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার উপস্থিতি খুব গুরুত্বপূর্ণ। কিন্তু বিগত কয়েক মাস যাবত প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা বা তার মনোনীত কোন প্রতিনিধি উক্ত সভায় যোগদান না করার ফলে প্রকল্পের বিভিন্ন সিদ্ধান্ত বাস্তবায়নে সমস্যা দেখা দিচ্ছে। | এ বিষয়ে হিসাব মহানিয়ন্ত্রককে অবহিত করতে হবে। | যুগ্ম-সচিব ( প্রশাসন ) |

৬। সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(কানিজ ফাতেমা এনডিসি )
সচিব